দৈনিক
ইত্তেফাক

তারিখ 13 NOV 2016
পৃ. ২৭ কলা ৬

# পরীক্ষায় অসদুপায় অবলম্বন মতলবে অধ্যক্ষকে জরিমানা, ৭ শিক্ষককে অব্যাহতি

■ মতলব দক্ষিণ (চাঁদপুর) সংবাদদাতা

মতলব ফাজিল মাদ্রাসা কেন্দ্রে গত শনিবার জেডিসি গণিত পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ধনারপাড় ইসলামিয়া দাখিল মাদ্রাসার অধ্যক্ষ আমিমুল এহছানকে ভ্রাম্যমাণ আদালত ১ হাজার টাকা জরিমানা এবং আরো ৭ শিক্ষককে অব্যাহতি দিয়েছে।

শনিবার দুপুরে মতলব দক্ষিণ উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট কানিজ ফাতেমা ভ্রাম্যমাণ আদালত বসিয়ে মতলব ফাজিল মাদ্রাসা কেন্দ্রে জেডিসি গণিত পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ধনারপাড় ইসলামিয়া দাখিল মাদ্রাসার অধ্যক্ষ আমিমুল এহছানকে এক হাজার টাকা জরিমানা করেন এবং আরো ৭ শিক্ষককে অব্যাহতি দেওয়া হয়। এরা হলেন:- নওগাঁও রাশেদিয়া মাদ্রাসার তাওহীদ হোসেন, ঘোড়াধারি মাদ্রাসার বিল্লাল হোসেন, ধোলাইতলী মাদ্রাসার নূরুল কাদের, করবন্ধ মাদ্রাসার নূরুল ইসলাম, দিঘলদী মাদ্রাসার মহসীন, ধোলাইতলী মাদ্রাসার ইউসুফ খান ও তাফাজ্জল হোসেন।